

দৈনিক ইকোকার

তারিখ ---
গৃহীত --- কলাম ---

25 2002

ধর্মপাশায় ৯৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১২৭ শিক্ষকের পদ শূন্য

ধর্মপাশায় (সুনাংগড়) থেকে সংবাদমত। উপজেলার ৯৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১২৭ জন শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম মাঝেমাঝে বাধিত হচ্ছে। অন্যদিকে উপজেলার বিভিন্ন গ্রামে আরো ৩৩টি নতুন

প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রস্তাবনা পাঠানো হলেও এর বাস্তবায়ন এখনো হয়নি। এ থেকে ১০ বছরের অনেক শিশুই প্রাথমিক শিক্ষাপ্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে। এনাকাবাসী উপজেলার ১২৭ জন প্রাথমিক শিক্ষক জরুরী ভিত্তিতে নিয়োগ এবং প্রস্থাপিত ৩৩টি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে সরকারের প্রাথমিক শিক্ষা কার্যক্রমকে গতিশীল করার দাবী জানিয়েছেন।

এদিকে উপজেলায় ৭২টি বেসরকারী বেজিয়ার্ড প্রাথমিক বিদ্যালয়, ১১টি কমিউনিটি বিদ্যালয় এবং ১০টি স্যাটেলাইট বিদ্যালয়ের লেখাপড়াই মান সন্তোষজনক নয়। জালা যান, উপজেলার মহলীপুর বিদ্যালয়, আহম্মদপুর, সাংপুর, রাজাপুর, মাহমুদনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা নিয়মিত স্কুলে যান না এবং ছাত্র-ছাত্রীদের উপস্থিতিও কম। সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার উপর জোর দিলেও ধর্মপাশায় এর সফলতা নুর্খণের পড়ার সরাবনা দেখা